

**AKASHVANI(AIR)  
RNU:KOLKATA  
BengaliText Bulletin**

**Date 01-02-2026**

**Time: 7.35 A.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

- ১) অর্থমন্ত্রী নির্মলা সীতারামান আজ সংসদে ২০২৬-২৭ অর্থবর্ষে কেন্দ্রীয় বাজেট পেশ করতে চলেছেন।
- ২) রাজ্য অনুপ্রবেশের ফলে জাতীয় নিরাপত্তার ক্ষেত্রে যথেষ্ট সমস্যা সৃষ্টি হচ্ছে বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা বিজেপির বরিষ্ঠ নেতা অমিত শাহ মন্তব্য করেছেন। রাজ্য সরকারের অসহযোগিতায় উত্তরবঙ্গে প্রস্তাবিত AIIMS তৈরি করা যাচ্ছে না বলে তিনি জানিয়েছেন।
- ৩) নির্বাচন কমিশন জানিয়েছে, এসআইআর প্রক্রিয়ায় তথ্য আপলোডের ক্ষেত্রে কোনো ধরনের ভুল আর গ্রাহ্য করা হবে না।
- ৪) দক্ষিণ ২৪ পরগনার নাজিরাবাদে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনায় রাজ্য সরকার বিশেষ তদন্তকারী দল গঠন করেছে। ঘটনায় এখনও পর্যন্ত মৃতের সংখ্যা ২৭।
- ৫) গঙ্গাসাগরে মাঘী পূর্ণিমা উপলক্ষে আজ ভোর থেকেই লক্ষাধিক পুণ্যার্থীর ঢল নেমেছে।

অর্থমন্ত্রী নির্মলা সীতারামান আজ লোকসভায় ২০২৬-২৭ সালের কেন্দ্রীয় বাজেট পেশ করতে চলেছেন। সংসদের নিম্ন কক্ষে বাজেট পেশের পর তা রাজ্যসভাতেও পেশ করার প্রথা। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন তৃতীয় এনডিএ সরকারের এটিই হবে তৃতীয় বাজেট।

বাজেটে সরকারের আর্থিক নীতির পাশাপাশি বৃদ্ধি, কর্মসংস্থান ও আর্থিক সুস্থিতি নিয়ে দিশা দেখানো হবে। বাজেট পেশের পর ইউনিয়ন বাজেট মোবাইল অ্যাপে এই সংক্রান্ত সমস্ত তথ্যাদি আপলোড করা হবে। সংসদের ওয়েবসাইটেও যাবতীয় তথ্য পাওয়া যাবে।

সারা দেশের সঙ্গে রাজ্যের মানুষও উদগীব তাদের জন্য নতুন কি পরিকল্পনার ঘোষণা অপেক্ষা করছে।

---

রাজ্য অনুপ্রবেশের ফলে জাতীয় নিরাপত্তার ক্ষেত্রে যথেষ্ট সমস্যা সৃষ্টি হচ্ছে বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ মন্তব্য করেছেন। শিলিগুড়ির গোসাইপুরে গতকাল এক কর্মসভায় বক্তব্য রাখতে উর্ধ্বর্তন এই BJP নেতা বলেন, সীমান্তে BSF কে জমি দেবার জন্য রাজ্যকে কলকাতা হাইকোর্ট ও এই মর্মে নির্দেশ দিয়েছে। রাজ্যে বিজেপি সরকার গঠিত হলে ৪৫ দিনের মধ্যে সীমান্তে বেড়া দেবার কাজ সম্পন্ন করা হবে বলে আশ্বাস দিয়েছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী।

বাইট (ল্যান্ড)

রাজ্যের তৃণমূল কংগ্রেস সরকার দুর্নীতি, প্রশাসনিক ব্যর্থতা এবং সাধারণ মানুষের জীবনহানির জন্য দায়ী বলে শ্রী শাহ মন্তব্য করেন। আনন্দপুরে অগ্নিকাণ্ডে প্রাণহানির

ঘটনায় গভীর শোক প্রকাশ করে শ্রী শাহ বলেন, এই আগুন কোন দুর্ঘটনা নয়, বরং প্রাতিষ্ঠানিক দুর্নীতি এবং তৃণমূল কংগ্রেস সরকারের সার্বিক গাফিলতির ফল। মোমো কারখানার মালিককে এখনও কেন গ্রেফতার করা হয়নি, সেই প্রশ্ন তুলেছেন তিনি।

### বাইট (মোমো)

দুর্নীতি ইস্যুতে রাজ্যের শাসক দলের স'মালোচনা করে শ্রী শাহ এসএসসি, শিক্ষা, পুর নিয়োগ, গরু পাচার, রেশন, এমজিএনআরইজিএ এবং প্রধানমন্ত্রী আবাস যোজনার মতো একাধিক কেলেক্ষারিয় কথা উল্লেখ করেছেন। তিনি বলেন বহু তৃণমূল নেতা ইতিমধ্যেই জেলে গেছেন। বিজেপি ক্ষমতায় এলে সব দুর্নীতির মামলার তদন্ত সুপ্রিম কোর্টের বিচারকের তত্ত্বাবধানে হবে এবং প্রত্যেক দোষীকে জেলে পাঠানো হবে।

নির্বাচন কমিশনের সাংবিধানিক প্রক্রিয়ায় মতুয়া ও নমঃশুদ্র সম্প্রদায়ের মানুষের আশঙ্কার কোন কারণ নেই বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ স্পষ্ট জানিয়েছেন। আজ ব্যরাকপুরের আনন্দপুরিতে এক কর্মসভায় যোগ দিয়ে তিনি বলেন বিজেপি নমশুদ্র এবং মতুয়া সম্প্রদায়ের পাশে রয়েছে।

### বাইট (মতুয়া)

শ্রী শাহ গতকাল উত্তর চবিশ পরগণার ব্যরাকপুরে এবং শিলিগুড়ির গোসাইপুরে দুটি সভা করেন। তিনি বলেন, উত্তরবঙ্গের আয়তন এবং জনসংখ্যার হিসাবে যে পরিমাণ বাজেট হওয়ার কথা, তার চেয়ে এক টাকা হলেও বেশি বাজেট কেন্দ্রীয় সরকার উত্তরবঙ্গের জন্য দেবে। রাজ্য সরকার জায়গা না দেবার কারণে উত্তরবঙ্গে AIIMS তৈরি করা যাচ্ছে, না তাঁর আরও অভিযোগ।

কেন্দ্রীয় বাজেটের প্রেক্ষিতে আকাশবাণী, সকাল ১০ টা ১০ মিনিট থেকে প্রাক-বাজেট আলোচনা ও অর্থমন্ত্রীর বাজেট ভাষণ সরাসরি সম্প্রচার করবে। শোনা যাবে আকাশবাণীর গীতাঞ্জলী এবং FM গোল্ড চ্যানেলে। এর ফলে সংবাদ সম্প্রচারের সময়ের বেশ কিছু পরিবর্তন করা হচ্ছে। বেলা সাড়ে ১২টার গ্রামীণ এবং ১২টা ৫০-এর বাংলা সংবাদ শোনা যাবে FM রেনবো চ্যানেলে।

বেলা দেড়টার জাতীয় সংবাদ শুধুমাত্র আজ প্রচারিত হবে ১টা ৫০ মিনিটে গীতাঞ্জলী প্রচারতরঙ্গে। তারপরই দুপুর ২টোয় প্রচারিত হবে ১টা ৪০-এর স্থানীয় সংবাদ। বিকেল ৫-১০-এর বাংলা সংবাদ এবং রাত্রি ৮টা ১০-এর ‘খেলার খবর’ নির্ধারিত সময়েই শোনা যাবে FM রেনবো চ্যানেলে। তবে সক্ষে ৭.৫০-এর স্থানীয় সংবাদ হবে ১৫ মিনিটের। বাজেট নিয়ে বিশেষ আলোচনা প্রচারিত হবে রাত ৮টা ৩০ থেকে ৯টা পর্যন্ত গীতাঞ্জলী এবং FM রেনবো প্রচারতরঙ্গে।

FM রেনবোয় সব হেডলাইন অবশ্য নির্ধারিত সূচী অনুযায়ী প্রচারিত হবে।

SIR প্রত্রিয়ায় তথ্য আপলোডের ক্ষেত্রে কোনও ধরনের ভুল আর গ্রাহ্য করা হবে না বলে নির্বাচন কমিশন স্পষ্ট জানিয়েছে। সেই লক্ষ্যে মাইক্রো অবজার্ভারদের দায়িত্বে গুরুত্বপূর্ণ পরিবর্তন আনা হয়েছে বলে কমিশন সূত্রে জানা গেছে। এতদিন মাইক্রোঅবজার্ভাররা মূলত শুনানি কেন্দ্রে উপস্থিত থেকে তথ্য যাচাইয়ের কাজ করতেন। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল গতকাল জেলা নির্বাচনী আধিকারিকদের সঙ্গে বৈঠকে নির্দেশ দিয়েছেন, আজকের মধ্যে মাইক্রোঅবজার্ভারদের

হিয়ারিং সেন্টার থেকে নিয়ে এসে ইআরও এবং AERO দের সঙ্গে স্কুটিনির কাজে ঘুর্ত করতে হবে। আগামীকাল থেকে তাঁরা রোল অবজার্ভারদের অধীনে থেকে এই দায়িত্ব পালন করবেন।

---

দক্ষিণ ২৪ পরগনার নরেন্দ্রপুরের নাজিরাবাদে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনায় রাজ্য সরকার বিশেষ তদন্তকারী দল গঠন করেছে। বারুইপুর পুলিশ জেলার সুপার শুভেন্দু কুমারের নেতৃত্বে পাঁচ সদস্যের এই দল ঘটনার যথাযথ তদন্ত করে রাজ্য সরকারকে রিপোর্ট জমা দেবে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। এই ঘটনায় বিজেপি রাজ্য সরকারের তীব্র সমালোচনা করেছে। নতুন দিল্লিতে গতকাল এক সাংবাদিক সম্মেলনে বিজেপির মুখ্যপাত্র গুরুপ্রকাশ পাসওয়ান অভিযোগ করে এই দুর্ঘটনা মনুষ্য -সৃষ্টি। ওই গুদামের মালিক কে আড়াল করার অভিযোগ করেছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির বিরুদ্ধে। কংগ্রেস ও তৃনমূল কংগ্রেস গতকাল ওই এলাকায় মিছিল করেছে।

---

ঝাড়খনে মুর্শিদাবাদের পরিযায়ী শ্রমিকের অস্বাভাবিক মৃত্যুর ঘটনার পর অশান্তি ও হিংসার ঘটনার তদন্তে এন আই এ'র তদন্তকারীরা বেলডাঙ্গায় যান। পুলিশকে সঙ্গে নিয়ে বেড়ুয়া মোড়ে ঘটনাস্থল পরিদর্শন করেন তারা। যান মহেশপুরেও।

এর আগে আদালতের নির্দেশ মেনে মুর্শিদাবাদের বেলডাঙ্গার অশান্তি কাণ্ডে তদন্তের ভার জাতীয় তদন্তকারী সংস্থা-NIA-কে দেয় কেন্দ্র।

এদিকে, এ অশান্তির ঘটনায় ধৃতদের মধ্যে ৯ জনকে জেল হেফাজতে জিজ্ঞাসাবাদের জন্য অনুমতি পেয়েছে এনআইএ। তাদের আজ আবার বহরমপুর আদালতে তোলা হলে বিচারক জেল হেফাজতের নির্দেশ দেন।

---

সুপ্রতীম সরকার গতকাল কলকাতার পুলিশ কমিশনার হিসাবে দায়িত্বভার গ্রহণ করেছেন। তিনি মনোজ ভার্মার স্থলাভিষিক্ত হলেন। এতদিন রাজ্য পুলিশের এডিজি দক্ষিণবঙ্গ পদে ছিলেন সুপ্রতীম সরকার। এদিন দায়িত্বভার গ্রহণের পর ট্রাফিক গার্ডের আধিকারিকদের নিয়ে বৈঠকে বসেন তিনি। বেশ কিছু নির্দেশ দেওয়া হয়েছে বলে সূত্রের খবর।

পীয়ুশ পাণ্ডে গতকাল রাজ্য পুলিশের ডিজি পদে দায়িত্বভার গ্রহণ করেছেন।

---

মাঘী পূর্ণিমা উপলক্ষে আজ ভোর থেকেই লক্ষাধিক পুণ্যার্থীর ঢল নামছে গঙ্গাসাগরে। স্নান সেরে কপিলমুনির আশ্রমে পুজো দেওয়ার জন্য দীর্ঘ লাইন দেখা যাচ্ছে। গত দু'দিন ধরেই রাজ্যের বিভিন্ন জেলা থেকে হাজার হাজার পুণ্যার্থী গঙ্গাসাগরে এসে পৌঁছেছেন। পুণ্যার্থীদের যাতায়াত নির্বিঘ্ন করতে মুড়িগঙ্গা নদীতে অতিরিক্ত ভেসেল চালানো হচ্ছে। পাশাপাশি কচুবেড়িয়া ঘাট থেকে গঙ্গাসাগর পর্যন্ত বাড়ানো হয়েছে বাস পরিষেবা। ভিড় সামাল দিতে ও নিরাপত্তা নিশ্চিত করতে মোতায়েন করা হয়েছে অতিরিক্ত পুলিশ বাহিনী। কোথাও যাতে অপ্রীতিকর ঘটনা না ঘটে, সেদিকে নজর রাখছে প্রশাসন। উল্লেখ্য, প্রতি বছর মকর সংক্রান্তির পর মাঘী পূর্ণিমা তিথিতে গঙ্গাসাগরে পুণ্যম্বানের জন্য হাজার হাজার ভক্তের সমাগম ঘটে।

নানা ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে ভারত সেবাশ্রম সংঘের প্রতিষ্ঠাতা স্বামী প্রণবানন্দ জী মহারাজের আবির্ভাব তিথি পালিত হচ্ছে। সংঘে অন্নকূট, পূজা পাঠ, যজ্ঞ সম্পন্ন হবে। আগামীকাল দোলন উৎসব পালিত হবে বলে ভারত সেবাশ্রম সংঘে সূত্রে জানা গেছে। কলকাতার রাসবিহারী এভিনিউ এর ভারত সেবাশ্রম সংঘের পাশাপাশি দেশ বিদেশের বিভিন্ন স্থানে ভারত সেবা সংঘের কেন্দ্রে এই জন্মতিথি উদযাপিত হচ্ছে।

নিউজিল্যান্ডে চাকরি দেওয়ার নাম করে সাধারণ মানুষের কাছ থেকে বিপুল পরিমাণ টাকা ও পাসপোর্ট হাতিয়ে নেওয়ার অভিযোগে দক্ষিণ চৰিশ পরগণার উন্নিথানার পুলিশ তিন জনকে গ্রেপ্তার করেছে। স্বরূপনগরের সারাপুল গ্রামের বাসিন্দা ফারুক মণ্ডলের দায়ের করা অভিযোগের ভিত্তিতে পুলিশ জানতে পারে, উন্নির রাজারহাটের বাসিন্দা গোলাম মোস্তফা শেখ, রামিজউদ্দিন শেখ ও আফিদি শেখ-সহ একাধিক ব্যক্তি চাকরির প্রলোভন দেখিয়ে পাসপোর্ট নিয়ে ভুয়ো ভিসা দেয়। তদন্তে নেমে পুলিশ প্রথমে গোলাম মোস্তফা শেখকে এবং পরে রামিজউদ্দিন শেখ ও আফিদি শেখকে গ্রেপ্তার করে। তল্লাশি চালিয়ে অভিযুক্তদের বাড়ি থেকে মোট ২২টি পাসপোর্ট উদ্ধার করা হয়েছে। পুলিশের ধারণা এটি একটি সংগঠিত প্রতারণা চক্র। এই চক্রে আর কারা কারা জড়িত, সে বিষয়ে তদন্ত চলছে।

পূর্ব বর্ধমানের পূর্বস্থলীতে এসআইআরের বিরুদ্ধে স্থানীয় বিধায়ক তপন চট্টোপাধ্যায়ের উদ্যোগে আয়োজিত এক প্রতিবাদ সভায় গতকাল সাংবাদিক নির্গতের ঘটনায় এলাকায় চাঞ্চল্য ছড়ায়। ওই সভায় প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন রাজ্যের পথওয়েত মন্ত্রী প্রদীপ মজুমদার। সভার শুরুতে মাঠ ভর্তি থাকলেও পথওয়েতমন্ত্রীর বক্তব্যের সময় হঠাৎ আস্তে আস্তে মাঠ ফাঁকা হতে থাকে। অভিযোগ, সংবাদ মাধ্যম সেই ছবি তুলতে গেলে তৃণমূল কংগ্রেস কর্মীরা তাদের বাধা দেয়। মুছে দেওয়া হয় ভিডিও। হেনস্তা করা হয় এক মহিলা সাংবাদিকসহ আরো সাংবাদিকদের। পরে পরিস্থিতি সামাল দেওয়া হয়।

---

দিনের তাপমাত্রা বাড়লেও সকাল ও রাতের দিকে এখনো শীতের আমেজ রয়েছে। কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিকের নিচে রয়েছে। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৫ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে একটু কম। গতকাল সর্বোচ্চ তাপমাত্রাও স্বাভাবিকের থেকে প্রায় এক ডিগ্রি কম ছিল। আগামী ৭ দিন রাজ্যের শুষ্ক আবহাওয়া থাকবে। সকালের দিকে উত্তরবঙ্গের পাঁচ জেলায় এবং দক্ষিণবঙ্গের কোথাও কোথাও কুয়াশা থাকতে পারে বলে আলিপুর আবহাওয়া দণ্ডর জানিয়েছে।

---